যুগান্তর

তারিখ ........
পৃষ্ঠা ১১ কলাম ৪ ........

NOV. 01 2002

# শিক্ষা খাতে এডিবি অনুদান দেবে ৬ লাখ ডলার

যুগান্তর রিপোর্ট

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বাংলাদেশকে ৬ লাখ ডলার অনুদান দেবে। মাধ্যমিক শিক্ষার মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় কারিগরি সহায়তা হিসেবে তারা ওই অনুদান ছাড় করবে। গত বুধবার এডিবি'র ম্যানিলার প্রধান কার্যালয় ওই অনুদানের বিষয়টি মঞ্জুর করেছে।

সূত্র জানায়, ওই অর্থে শিক্ষকদের মান উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে। মাধ্যমিক শিক্ষাকে আরও কার্যকর ও দক্ষ করতে বেসরকারি খাতের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য এ খাতেও তারা সহায়তা দেবে। বিশেষ করে অনগ্রসর ও দরিদ্র এলাকায় মাধ্যমিক শিক্ষা প্রসারে এডিবি'র সহায়তা অব্যাহত থাকবে।

উল্লেখ্য, এডিবি '৮৪ সাল থেকে এ পর্যন্ত বাংলাদেশের মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে ২১ কোটি ৮২ লাখ ডলার ঋণ দিয়েছে।